মেহেরপুরে ফেনসিডিল উদ্ধার

মেহেরপুরের শুভরাজপুর মাঠ থেকে ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে বিজিবি।

শনিবার ভোরের দিকে শুভরাজপুর মাঠ থেকে বিজিবি সদস্যরা ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করে। শোলমারী বিজেপি সুবেদার আব্দুল আজিজের নেতৃত্বে বিজিবির একটি টহল দল টহল শেষে ফেরার পথে শুভরাজপুর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ফেনসিডিলগুলো উদ্ধার করে।

ধারনা করা হচ্ছে বিজিবি সদস্যদের আগমনী টের পেয়ে ফেন্সিডিল ব্যবসায়ীরা ফেন্সিডিল গুলো ফেলে রেখে পালিয়ে যায়।

জীবননগরে ৯৮ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে বিজিবি সদস্যেরা মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯৮ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ।

গতকাল সোমবার সকালে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনস্ত জীবননগর বিওপির হাবিলদার মখলেসুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর বিওপির সামনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ।

এ সময় দামুড়হুদা উপজেলার হুদা পাড়ার মিরাজুল ইসলামের ছেলে মাদক চোরাকারবারী মোঃ সেমিক হাসানকে ৯৮ বোতল ভারতীয় ফেন্সিডিল, ১ টি মোবাইল এবং ২ টি ব্যাগসহ আটক করা হয়।

আটককৃত আসামীকে মাদকদ্রব্যসহ জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে।

কুষ্টিয়ায় ৪ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় ৪ কেজি গাঁজাসহ ইসরাফিল হোসেন(৫৫) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

সোমবার বিকেলে কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, সোমবার সকালে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) এসআই আমিরুল ইসলামের নেতৃত্বে এএসআই জোবায়ের হোসেন, এএসআই রুহুল আমিন সঙ্গীয় ফোর্স নিয়ে দৌলতপুরে মাদক বিরোধী অভিযান চালায়।

এসময় দৌলতপুর উপজেলার মহিষকুন্ডি গ্রামের মাঠপাড়া এলাকায় মাদক ব্যবসায়ী ইসরাফিল হোসেনের বাড়ীতে অভিযান চালিয়ে ৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

যার আনুমানিক মূল্য ১লাখ ২০হাজার টাকা।

আটককৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে কুষ্টিয়া মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের হয়েছে।

আটককৃত মাদক ব্যবসায়ী ইসরাফিল হোসেন দৌলতপুর উপজেলার মহিষকুন্ডি গ্রামের মাঠপাড়া এলাকার কিয়ামত সর্দারের ছেলে।

মুজিবনগরে হেরোইনসহ তাঁতী লীগ নেতা বীর আটক

মেহেরপুরের মুজিবনগর থেকে ১ গ্রাম হেরোইনসহ উপজেলা তাঁতী লীগের যুগ্ম আহবায়ক আশাদুজ্জামান বীর কে আটক করেছে মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার সকাল সাড়ে ৬টার দিকে উপজেলা বল্লবপুর গ্রামের নিজ বাড়ি

থেকে তাকে আটক করা হয়। আটক বীর খেজমত আলীর ছেলে।

মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, আশাদুজ্জামান বীর হেরোইন নিয়ে তারা বাসায় অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহাজালাল খাঁনের নেতৃত্বে তার বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় তল্লাশি চালিয়ে তার বাড়িতে এক গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। এ সময় তাকে হাতেনাতে আটক করা হয়। আটকের পর তার নামে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মুজিবনগর থানায় তাকে সোপর্দ করা হয়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম তাকে আটক করে মামলা দিয়ে মুজিবনগর থানায় সোপর্দ করেছে। তাকে আদালতের মাধ্যেমে জেল হাজতে প্রেরন করা হবে।

গাংনী সীমান্তে দুই কেজি গাঁজা উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে দুই কেজি গাঁজা উদ্ধার করেছে বিজিবি।

রবিবার সন্ধ্যায় সাড়ে ৭ টায় ধলা মাঠ এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় গাঁজা উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, ধলা বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ সোলায়মান হোসেনের নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে ধলার মাঠ নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ২কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এ ঘটনার সাথে জড়িতদের সনাক্ত করার চেষ্টা চলছে। উদ্ধারকৃত দুই কেজি গাঁজা আনুমানিক মূল্যে প্রায় ৫৬ হাজার টাকা।

মেহেরপুরের গাংনীতে ফেন্সিডিল সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫২ বোতল ফেন্সিডিলসহ ইন্তাজ আলীর ছেলে মুন্নাত আলী (৩৬) কে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

শনিবার বিকেলে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে মেহেরপুর গাংনী উপজেলার নওদাপাড়া পিরতলা মাঠ এলাকায় এ অভিযান চালানো করা হয়।

এ সময় তিনি বলেন, আমাদের কাছে গোপন সংবাদ আসে গাংনী উপজেলার নওদাপাড়ার পিরতলা মাঠে একটি মাদকের চালান হবে, এমন সংবাদের ভিত্তিতে আমরা দীর্ঘক্ষণ আভিযান চালিয়ে ইন্তাজ আলীর ছেলে মুন্নাত আলী (৩৬) কে ৫২ বোতল ফেন্সিডিলসহ আটক করতে সক্ষম হয়।

এবং তিনি আরও যানান,এই ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীর কাজিপুর সীমান্তে ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে ১শ’৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি।
গতকাল শুক্রবার বিকাল ৩ টায় উপজেলার কাজিপুর বর্ডার পাড়া সীমান্ত থেকে পরিত্যাক্ত অবস্থায় ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, কাজিপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ ইদ্রিস আলী এর নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে কাজিপুর বর্ডার পাড়া নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে পরিত্যাক্ত

অবস্থায় ভারতীয় ১শ’৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ফেন্সিডিল গুলোর অঅনুমানিক মূল্যে ১ এক লক্ষ ৭ হাজার টাকা। এ ঘটনার সাথে জড়িতদের সনাক্ত করার চেষ্টা চলছে।

মাদক কিনতে গিয়ে গ্রেফতার ভারতীয় অভিনেত্রী

অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্তে বলিউডের সঙ্গে মাদকযোগের বিষয়টি বহু আগেই উঠে এসেছে। ভারতের নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি) এ বিষয়ে আলাদা করে তদন্তে নেমে ইতোমধ্যে সুশান্তের চর্চিত বান্ধবী রিয়া চক্রবর্তী ও তার ভাই সৌভিক চক্রবর্তীকে গ্রেফতার করে। রিয়া শর্ত সাপেক্ষে জামিন পেলেও সৌভিক এখনও জেলেই রয়েছেন।

সেই ধারাবহিকতায় এবার মাদক কেনার সময় হাতেনাতে ধরা পড়লেন টিভি অভিনেত্রী প্রীতিকা চৌহান। রবিবার মুম্বাইয়ের ভারসোবা এলাকা থেকে তাকে গ্রেফতার করেছে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি)। একই সঙ্গে মাদক কারবারে যুক্ত আরও চারজন ধরা পড়েছে এনসিবির গোয়েন্দাদের হাতে।

কিন্তু কীভাবে এনসিবির জালে পড়লেন ‘সাবধান’, ‘দেবো কে দেব মহাদেব’-এর মতো টিভি ধারাবাহিকে অভিনয় করা প্রীতিকা। এনসিবি সূত্রে খবর, বলিউডের মাদকযোগের তদন্তে নেমে বেশ কয়েকটি মাদক কারবারের মডিউলের সন্ধান পান গোয়েন্দারা। তেমনই একটি কারবারের খবর এসেছিল ভারসোবা থেকে। সেই সূত্রে এদিন সাদা পোশাকে ভারসোবার দুটি এলাকায় নজরদারি চালাচ্ছিল গোয়েন্দারা। তার মধ্যেই প্রীতিকা একটি জায়গায় মাদক কিনতে আসেন। এর পরই ধরা পড়েন হাতেনাতে।

এনসিবির গোয়েন্দা সূত্রে খবর, আদালতে পেশ করে প্রীতিকাকে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাবেন তারা। নিজের জন্য মাদক কিনছিলেন প্রীতিকা, নাকি অন্য কারও জন্য, সেই বিষয়টি জানার

চেষ্টা চলছে। মাদক কারবারে, অর্থাৎ কিনে অন্য কোথাও বিক্রির সঙ্গেও প্রীতিকা যুক্ত কি না, সেই বিষয়টি নিয়েও তদন্ত শুরু হয়েছে। সূত্র: আনন্দবাজার

শৈলকুপায় মাদক বিক্রেতার কারাদন্ড

ঝিনাইদহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের মাদক বিরোধী অভিযানে এক মাদক বিক্রেতাকে বৃহস্পতিবার আটক করা হয়েছে। পরবর্তীতে বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল এর মাধ্যমে ওই মাদক বিক্রেতাকে মোবাইল কোর্টে সাজা প্রদান করা হয়।

জানা যায় নিয়মিত মাদক বিরোধী অভিযানের অংশ হিসেবে ঝিনাইদহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে একটি চৌকস টিম, বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল এর নেতৃতে বৃহস্পতিবার সকাল ৮টায় শৈলকুপা উপজেলার গবিন্দপুর গ্রামের দুলাল শেখের পুত্র আবুল বাসার (২৯) কে হাতেনাতে ৫০ গ্রাম গাঁজা সহ আটক করে।

পরবর্তীতে বিজ্ঞ নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১০০ টাকা জরিমানা অনাদায়ে আরো ৭ দিন বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন। সে দীর্ঘদিন অত্র এলাকায় মাদক ব্যবসা চালিয়ে আসছিল। তার আটক হওয়ায় এলাকাবাসী সন্তোষ প্রকাশ করে।

কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ফেনসিডিলসহ বসিরুল ইসলাম বসির (৪৫) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে থানা পুলিশ। এসময় তার কাছ থেকে ১৩০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

বুধবা দুপুরে শহরের আয়েশা খাতুন তেল পাম্পের সামনে থেকে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। আটক বসির শহরের আড়পাড়া এলাকার গোলাম সরোয়ারের ছেলে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে শহরের আয়েশা খাতুন তেল পাম্প এলাকায় এসআই সুজাত আলী ও এএসআই তারিকুজ্জামানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ১৩০ বোতল ফেনসিডিলসহ বশির নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক আইনে মামলা হয়েছে।